

B.A. 2nd Semester (Honours) Examination, 2022 (CBCS)

Subject: Bengali

Course: CC-3

Time: 3hrs.

Full Marks: 60

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২x১০ = ২০

- ক) প্রাক-চৈতন্য যুগের একজন এবং চৈতন্যোত্তর যুগের একজন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।
খ) 'সহচর অঙ্গে গোরা অঙ্গ হেলাইয়া'—কার লেখা কোন পর্যায়ের পদ?
গ) 'অভিনব হেম-কল্পতরু সঞ্চর'—'কল্পতরু' কে? তাকে 'অভিনব' বলা হয়েছে কেন?
ঘ) 'কটি পীতবসন রসনা তাহে জড়া'—চরণটির অর্থ কী?
ঙ) 'এ ঘোর রজনী মেঘের ঘটা কেমনে আইলে বাটে'—কে কার উদ্দেশে কথাটি বলেছে?
চ) তোমার পাঠ্য একটি পদের ভণিতায় দুজন কবির নাম উল্লেখ করা হয়েছে, এই দুই কবির নাম লেখো। পদটির প্রথম চরণ উদ্ধার করো।
ছ) 'প্রেমক অঙ্কুর জাত আত ভেল/না ভেল যুগল পলাশা'—উদ্ধৃত অংশটির অর্থ লেখো।
জ) তোমার পাঠ্য 'শাক্ত পদাবলী'র রামপ্রসাদ ও কমলাকান্ত ছাড়া দুজন পদকর্তার নাম লেখো।
ঝ) 'আপনি হইয়ে হত, বধ রে পরেরি প্রাণ'—কার কথা বলা হয়েছে? বক্তার এ-কথার তাৎপর্য কী?
ঞ) 'সতিনী সরলা নহে, স্বামী সে শ্মশানে রহে'— 'সতিনী'-র পরিচয় কী? তিনি কার 'সতিনী'?
ট) 'তুমি কি দোষে করিলে আমায়, ছ'টা কলুর অনুগত'— ছ'টা কলুর পরিচয় দাও।
ঠ) 'ষড়ৈশ্বর্য আছে যাঁর, শিক্ষা কি জীবিকা তাঁর?'— 'ষড়ৈশ্বর্য' কী কী?
ড) ধর্মে শাক্ত নন, এমন একজন কবির নাম উল্লেখ করে তাঁর লেখা একটি পদের প্রথম চরণটি লেখো।
ঢ) 'ডুবিল জলধি-জলে প্রাণের কুমার'— 'প্রাণের কুমার' কে? তাকে কেন 'জলধি-জলে' ডুবতে হয়েছিল?
ণ) শাক্তপদ ছাড়া রামপ্রসাদের অপর একটি গ্রন্থের নাম লেখো। রামপ্রসাদকে মহারাজা কৃষ্ণচন্দ্র কী উপাধি দিয়েছিলেন?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫x৪ = ২০

- ক) 'এমন পিরীতি কভু নাহি দেখি গুনি'— কোন পর্যায়ের পদে কে এই কথা বলেছেন? কোন কোন উপমার সাহায্যে তিনি তাঁর এই বক্তব্য প্রতিষ্ঠিত করেছেন?
খ) 'মাধব বহুত মিনতি করি তোয়'—পদকর্তার নাম ও পর্যায় উল্লেখ করে পদটির ভাববস্তু ব্যাখ্যা করো।
গ) আক্ষেপানুরাগ কাকে বলে? তোমার পাঠ্য 'কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান' পদটির কাব্যসৌন্দর্য বিচার করো।
ঘ) 'ছিলাম ভাল জননী গো হরেরি ঘরে'— পদকর্তা কে? পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

ঙ) 'কামিনী করিল বিধি, তেঁই হে তোমারে সাধি, নারীর জনম কেবল যন্ত্রণা সহিতে'—কার লেখা কোন পর্যায়ের পদ? পদটিতে প্রকাশিত নারী-হৃদয়ের মর্মবেদনার পরিচয় দাও

চ) 'যেমন চিত্রের পদ্মেতে পড়ে, ভ্রমর ভুলে র'লো'—'চিত্রের পদ্ম' কী? 'চিত্রের পদ্মেতে' ভ্রমরের ভুলে থাকার তাৎপর্য কী?

৩। নিচের প্রশ্নগুলির উত্তর দাও :

১০x২ =২০

ক) গৌরচন্দ্রিকা কাকে বলে? তোমার পাঠ্য পদ অনুসরণে গৌরঙ্গ-বিষয়ক পদ ও গৌরচন্দ্রিকার পার্থক্য ব্যাখ্যা করো।

অথবা

গোবিন্দদাসের অভিসার পর্যায়ের পাঠ্য পদ অবলম্বন করে এই পর্যায়ের পদ রচনায় তাঁর কৃতিত্ব আলোচনা করো।

খ) শাক্ত পদাবলীর আগমনী ও বিজয়া পর্যায়ের পাঠ্য পদ অবলম্বনে অষ্টাদশ শতাব্দীর সমাজ ও পারিবারিক জীবনের পরিচয় দাও।

অথবা

রামপ্রসাদ ও কমলাকান্তের কবিপ্রতিভার তুলনামূলক আলোচনা করো।